ইত্তেফাক

005

তারিখ ... ৫।২।৮০ ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 4 ...

# মেডিক্যাল ছাত্রদের দাবী পূরণের আহ্বান

(ইত্তেফাক রিপোর্ট)

কেন্দ্রীয় মেডিক্যাল ছাত্র-সংগ্রাম পরিষদ ৭ই ফেব্রুয়ারীর মধ্যে তাহাদের ১২-দফা দাবী পূরণের আহ্বান জানাইয়াছে। সংগ্রাম পরিষদের প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়, ঐদিনের মধ্যে ১২-দফা দাবী পূরণ করা না হইলে পরবর্তী পরিস্থিতির জন্য কর্তৃপক্ষই দায়ী হইবেন। ইণ্টার্নীশীপ প্রথা বাতিল করিয়া ইন-সার্ভিস ট্রেনিং প্রবর্তন এবং সাপ্লিমেণ্টারী পরীক্ষার সুযোগের দাবীও উক্ত দাবীমালায় অন্তর্ভুক্ত রহিয়াছে। দাবীনামা গতকাল (সোমবার) স্বাস্থ্য মন্ত্রণালয়ের নিকট পেশ করা হয়।